

কেনাকাটায় উপহার— আর্থিক মন্দার প্রভাবে ক্ষতিগ্রস্ত উদ্যোগপতিরা বিভিন্নভাবে নিজেদের রক্ষার জন্য পরিকল্পনা গ্রহণ করছে। মঙ্গলবার এমনই বিভিন্ন পরিকল্পনার কথা জানালেন মানি স্কোয়ার গোষ্ঠী। আসন্ন শারদোৎসব-কে সামনে রেখে ক্রেতাদের উৎসাহিত করতে তারা বিভিন্ন পরিকল্পনার কথা ঘোষণা করলেন। 'পূজো হুল্লোড়' নামক এই অনুষ্ঠান থেকে জানা গেল উৎসবের আগামী দিনগুলোতে ক্রেতারা কেনাকাটার উপর বিভিন্ন ছাড় যেমন পাবেন তেমনি থাকছে উপহারের ব্যবস্থা। বাইপাসের ধারে এই মলে পূজোর সময় খাওয়া-দাওয়ার বিশেষ ব্যবস্থা হচ্ছে। বিভিন্ন প্যাকেজের ব্যবস্থা তারা করছে। গোল্ড কয়েন থেকে শুরু করে বিভিন্ন উপহার পেতে হলে শামিল হতে হবে মানি স্কোয়ারে হই-হুল্লোরে'।